রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৮, ২০১৮

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্তি]

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

**আপীল বিভাগ, ঢাকা**

**অফিস আদেশ**

তারিখ ঃ ১৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং ২০১৭ এসসি(এডি)—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব ইসতেয়াক উদ্দিন আহমেদ-এর চাকরি সুপারিনটেনডেন্ট পদে গত ২৮-১২-২০০৬ খ্রিঃ হতে ২৭-১২-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ১০ বছর সম্পন্ন করায় ও চাকরি সন্তোষজনক হওয়ায় জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ অনুযায়ি স্বয়ংক্রিয়ভাবে ১১তম বৎসরে ২৮-১২-২০০১৬ খ্রিঃ তারিখ হতে ৩৫৫০০—৬৭০১০ টাকার পরবর্তী উচ্চতর বেতন স্কেল ৪৩০০০—৬৯৮৫০ (৫ম গ্রেড) টাকার স্কেল হিসেবে প্রদান করা হলো।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

আদেশক্রমে

**জেমস্ রিচার্ড ক্রুশ**
ডেপুটি রেজিস্ট্রার।

---

**দুর্নীতি দমন কমিশন**

**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ ঃ ১৮ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং দুদক/২২/আরও/৩৮৪৯৯—দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-২ এ কর্মরত উপসহকারী পরিচালক জনাব আ,স,ম শাহ আলম-কে তার আবেদনর পরিপ্রেক্ষিতে গণকর্মচারি (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ৩০-১২-২০১৭ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ৩১-১২-২০১৭ হতে ৩০-১২-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর উত্তর ছুটি (পি. আর. এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

নং দুদক/১৯-২০০০(সং-১)/৩৮৪৭৮—দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত উপপরিচালক শেখ আবদুস ছালাম-এর বয়স ১৫-০১-২০১৮ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হওয়ায় গণকর্মচারি (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ১৫-০১-২০১৮ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ১৬-০১-২০১৮ হতে ১৫-০১-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর উত্তর ছুটি (পি. আর. এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**কাজী শফিকুল আলম**
পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)।

---

**খাদ্য অধিদপ্তর**
**প্রশাসন বিভাগ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ ঃ ২৯ নভেম্বর ২০১৭ খ্রিঃ

নং ২২৬৯—জনাব তাছলিমা খাতুন, কারিগরী খাদ্য পরিদর্শক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, রাজশাহীকে তার আবেদনের প্রেক্ষিতে কারিগরী খাদ্য পরিদর্শকের সমমানের পদ খাদ্য পরিদর্শক পদে পদ

পরিবর্তনপূর্বক বিস্তারিত পদায়নের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর অধীনে ন্যস্ত করা হলো। এ বদলির জন্য তিনি কোন সরকারি টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ ঃ ৩০ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ২২৭৮**—জনাব মোঃ আব্দুল কুদ্দুছ হাওলাদার, জেলা খাদ্য নিয়ন্ত্রক (স্ববেতনে), জামালপুর ০১-১২-১৭ তারিখ অবসর উত্তর ছুটিতে (পিআরএল) গমন করবেন। সে প্রেক্ষিতে, জনাব মাহাবুবুর রহমান খান, জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুরকে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে জেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর এর দায়িত্ব প্রদান করা হলো।

মহাপরিচালকের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মামুন আল মোর্শেদ চৌধুরী**
উপপরিচালক (সংস্থাপন)।

**আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম**

**আদেশ**

তারিখ ঃ ১১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ১৩.০৩.০০০০.০০২.১৯.০০৭.১৭-৫২৯৫**—নিম্নবর্ণিত খাদ্য পরিদর্শকগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলিপূর্বক পদায়ন করা হলো ঃ

(১) জনাব মোঃ সাইফুল ইসলাম, খাদ্য পরিদর্শক, ভারপ্রাপ্ত কর্মকর্তা, দাউদকান্দি এলএসডি, কুমিল্লা—জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা এর অধীনে খাদ্য পরিদর্শকের শূন্যপদে বিস্তারিত পদায়নের জন্য।

(২) জনাব মোঃ জাকির হাসেন, খাদ্য পরিদর্শক, ভারপ্রাপ্ত কর্মকর্তা, মুরাদনগর এলএসডি, কুমিল্লা (জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা এর অধীনে বদলির আদেশাধীন)—খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তা, দাউদকান্দি এলএসডি, কুমিল্লা।

জনস্বার্থে অত্র অদেশ জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মাহবুবুর রহমান**
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক।

---

**বাংলাদেশের**
**কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়**

**অফিস আদেশাবলী**

তাারিখ ঃ ৭ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং সিএজি/জিবি-২/মুক্তিযোদ্ধা/১০(অংশ-৩)/৬৭**—বাংলাদেশ গেজেট অধ্যাদেশ নং ১০, ২০১২ এর মাধ্যমে মুক্তিযোদ্ধা হিসেবে গণকর্মচারীর অবসর গ্রহণের বয়স ৬০ বৎসর করা হয়েছে এবং বাংলাদেশ গেজেট অধ্যাদেশ নং ০৭, ২০০৯ এর মাধ্যমে পিআরএল ভোগরত মুক্তিযোদ্ধাগণ কর্মকর্তা/কর্মচারীগণের পুনঃ নিয়োগের বিধান করা হয়েছে। উক্ত বিধান অনুযায়ী অবসর ভোগরত অটিড এন্ড একাউন্টস ডিপার্টমেন্টের অডিট এন্ড একাউন্টস অফিসার এর বয়স বৃদ্ধির সুবিধা কার্যকর করার লক্ষ্যে নিম্নবির্ণত পিআরএল ভোগরত কর্মকর্তার মুক্তিযোদ্ধা হিসেবে অর্থ মন্ত্রণালয়ের পত্র নং ০৭.০৮২.০১৩.০৪.০০.৯২২.২০১০-১৫৪, তারিখ: ৩০-০৪-২০১৭ খ্রিঃ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর পত্র নং ৪৮.০০.০০০০.০০২.১৬.৬৩৬.১৭/৩৯৪, তারিখ: ৩০-০৩-২০১৭ খ্রিঃ এর মাধ্যমে সাময়িক প্রত্যয়ন এর প্রেক্ষিতে যোগদানপত্র গ্রহণপূর্বক তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও অফিসে আদিষ্ট হয়ে পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | নাম, পদবি ও সর্বশেষ কর্মস্থল | পদস্থাপিত পদ ও কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আনোয়ার হোসেন মিঞা উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা উজিরপুর, বরিশাল। | নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা পিআরএল এ যাওয়ার কারণে সংশ্লিষ্ট পদে ইতোমধ্যে কর্মকর্তা পদায়ন করা হয়ে থাকলে পিআরএল ভোগরত কর্মকর্তাকে তাঁর সংশ্লিষ্ট কার্যালয়ে সুপারনিউমারারি/বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) পদে পদায়ন করতে হবে। |

২। এমতাবস্থায়, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং অম/অবি/প্রবি-১চঃবিঃ-৩/২০০৪ (অংশ-২)/২৯, তারিখ ঃ ২৩-০২-২০১০ এর নির্দেশনা মোতাবেক অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগরত মুক্তিযোদ্ধা কর্মকর্তার বয়স বৃদ্ধির সুবিধা কার্যকর এর লক্ষ্যে নিম্নরূপ আদেশ জারি করা যেতে পারে।

(ক) ইতোপূর্বে জারীকৃত অবসর প্রস্তুতিমূলক ছুটির আদেশ বাতিলপূর্বক যোগদান পত্র গ্রহণ করা হল।

(খ) জনাব মোঃ আনোয়ার হোসেন মিঞা, উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উজিরপুর, বরিশাল এর বয়স ৬০ বছর পূর্তিতে ছুটি পাওনা স্বাপেক্ষে সর্বোচ্চ ১ (এক) বছর পর্যন্ত প্রচলিত বিধি মোতাবেক অবসরোত্তর ছুটি প্রাপ্য হবেন এবং অবসরোত্তর ছুটি প্রদানের পরেও ছুটি পাওনা স্বাপেক্ষে প্রচলিত বিধি মোতোবেক ১৮ (আঠার) মাসের ছুটি নগদায়ন/অর্থ প্রদান করা যাবে [বাংলাদেশ গেজেট, ১৫-১২-২০১৫, ১০(২)(খ)।]

(গ) ইতোপূর্বে ছুটি নগদায়নের অর্থ গ্রহণ করা হলে তা মূল বেতনের ১/৩ (এক তৃতীয়াংশ) প্রতি মাসের বেতন হতে কর্তন করতে হবে। উক্তরূপ কর্তনের পরেও ছুটি নগদায়ন হিসেবে উত্তোলিত অর্থের মধ্যে যে পরিমাণ অর্থ অবশিষ্ট থাকবে তা পরবর্তীতে প্রচলিত বিধি মোতাবেক প্রাপ্য ছুটির নগদায়ন/আনুতোষিকের অর্থ হতে এককালীন কর্তন করতে হবে।

(ঘ) সংশ্লিষ্ট কর্মকর্তা ভোগকৃত অবসর প্রস্তুতিমূলক ছুটিকালীন সময় কর্তব্যকাল হিসেবে পরিগণিত হবে।

(ঙ) অর্থ মন্ত্রণালয়ের পত্র নং ০৭.০৮২.০১৩.০৪.০০.৯২২.২০১০-১৫৪, তারিখ ৩০-০৪-২০১৭ খ্রিঃ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর পত্র নং ৪৮.০০.০০০০.০০২.১৬.৬৩৬.১৭-৩৯৪, তারিখ ৩০-০৩-২০১৭ খ্রিঃ মোতাবেক "এ জাতীয় গেজেট ও সনদ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক যাচাই বাছাই এর আওতাধীন রয়েছে। যাচাই বাছাই অন্তে বিরূপ কোন মন্তব্য না পাওয়া গেলে তাঁদের নিয়মিত প্রত্যয়নের বিষয় বিবেচনা করা যেতে পারে। এ সাময়িক প্রত্যয়নের ভিত্তিতে মুক্তিযোদ্ধাকে প্রাপ্য সুবিধাদি প্রদান করা যাবে। সেক্ষেত্রে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ মর্মে অঙ্গীকারনামা গ্রহণ করতে পারেন যে, চূড়ান্ত যাচাই-বাছাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে গৃহীত সমুদয় অর্থ প্রত্যার্পণ করতে বাধ্য থাকবেন।"

৩। সংশ্লিষ্ট কর্মকর্তার মুক্তিযোদ্ধা হিসেবে বয়স বৃদ্ধির সুবিধার বিষয়টি তাঁর সার্ভিস রেকর্ড/বহিতে লিপিবদ্ধ/সংরক্ষণ করতে হবে।

৪। সংস্থাপন মন্ত্রণালয়ের ৩১-১২-২০০৯ খ্রিঃ তারিখের পরিপত্র নং সম(বিধি-৪)/বিবিধ-৩৫/২০০৫-৪৯৩ এর ৩নং অনুচ্ছেদ অনুযায়ী সুপারনিউমারারি/বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) পদে পদায়ন করা হলে এরূপ সৃষ্টিকৃত পদটি সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা গণকর্মচারী উক্ত পদে বহাল থাকা পর্যন্ত বলবৎ থাকবে। অর্থাৎ যে কারণে পদটি শূন্য হওয়ার তারিখ হতে পদটি আপনাআপনি বিলুপ্ত হবে।

৫। অর্থ মন্ত্রণালয়ের পত্র নং ০৭.০৮২.০১৩.০৪.০০.৯২২.২০১০-১৫৪ তারিখ ৩০-০৪-২০১৭ খ্রিঃ মোতাবেক এই অফিস আদেশ জারি করা হল।

**নং সিএজি/জিবি-২/ডিপিসি/৬৪/২০১১/পার্ট-২/৭১**—জনস্বার্থে এবং প্রশাসনিক প্রয়োজনে অডিট এন্ড একাউন্টস্ ডিপার্টমেন্টের নিম্নবর্ণিত এসএএস সুপারিনটেনডেন্টগণকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান পদে চলতি দায়িত্ব প্রদানপূর্বক তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত পদ ও অফিসে আদিষ্ট হয়ে পদস্থাপন/বদলি করা হলো :

| ক্রমিক নং | নাম ও বর্তমান কর্মস্থল | পদস্থাপিত/বদলিকৃত পদ ও অফিস | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | জনাব মোঃ বাবুল আকতার<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>সিজিডিএফ এর কার্যালয়, রাজশাহী। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান পদে পদস্থাপনের নিমিত্ত সিজিডিএফ এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ২। | জনাব মোঃ গোলাম কিবরিয়া<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>জেলা হিসাব রক্ষণ অফিস, নড়াইল। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ৩। | জনাব মোঃ গোলাম হোসেন<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>জেলা হিসাব রক্ষণ অফিস, পাবনা। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ৪। | জনাব মোঃ আহসান আলী<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>ডিসিএ এর কার্যালয়, রাজশাহী। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ৫। | জনাব এ, কে, এম, আবুল হোসেন<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>জেলা হিসাব রক্ষণ অফিস, পটুয়াখালী। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ৬। | জনাব মোঃ আহ্ছান উল্যাহ<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>সিএও, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ৭। | জনাব প্রনতি বড়ুয়া<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>সিএও, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ৮। | জনাব মোঃ সালাহ উদ্দিন<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ৯। | জনাব মোহাম্মদ গোলাম হায়দার<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>জেলা হিসাব রক্ষণ অফিস,<br>কিশোরগঞ্জ। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ১০। | জনাব মোসাম্মৎ আমেনা বেগম রুনু<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>সিএও, সমাজ কল্যাণ মন্ত্রণালয়। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ১১। | জনাব পলাশ চন্দ্র দেব<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>বাণিজ্যিক অডিট অধিদপ্তর, সিলেট। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ১২। | জনাব মোঃ আব্দুর রাজ্জাক<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>সিএও, শিক্ষা মন্ত্রণালয়। | ৯ম গ্রেডভুক্ত অডিট এন্ড একাউন্টস্ অফিসার/সমমান (চঃদাঃ) পদে পদস্থাপনের নিমিত্ত হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে ন্যস্ত করা হলো। | শূন্য পদে |
| ১৩। | জনাব মঞ্জুর আহম্মদ<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>জেলা হিসাব রক্ষণ অফিস, লক্ষীপুর। | অডিট এন্ড একাউন্টস্ অফিসার (চঃদাঃ)<br>সিএন্ডএজি কার্যালয়, ঢাকা। | শূন্য পদে |
| ১৪। | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>এসএএস সুপারিনটেনডেন্ট<br>বাণিজ্যিক অডিট অধিদপ্তরর, ঢাকা। | অডিট এন্ড একাউন্টস্ অফিসার (চঃদাঃ)<br>বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর, ঢাকা। | শূন্য পদে |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্ত হবেন।

৪। কর্তৃপক্ষ প্রশাসনিক প্রয়োজনে চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে যে কোন সময়ে পূর্ব পদে প্রত্যাহার (Revert) করতে পারবেন।

৫। ইতোমধ্যে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা অন্যত্র বদলি হয়ে থাকলে বদলিকৃত কর্মস্থলে আদেশের কপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিস প্রধানগণকে অনুরোধ করা হলো।

৬। অত্র মন্ত্রণালয়ে পত্র নং অম/অবি(প্র-১)২(২)৯৭(অংশ-১)/১০২০, তারিখ ঃ ১৭-০৬-২০০২ খ্রিঃ এর আলোকে এ আদেশ জারি করা হলো।

**মোঃ নওসাদ হোসেন**
অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ ডিসেম্বর ২০১৭খ্রিঃ

**নং ২৬.০৬.০০০০.০০১.১৮.০০১.২০১২/১৩৯৫**—এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাইতেছে যে, কোম্পানি আইন, ১৯৯৪ এর ৩৪৬(৫) ধারার বিধান মোতাবেক যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়ের নিবন্ধন বহি হইতে নিম্নে বর্ণিত কোম্পানীসমূহের নাম কাটিয়া (STRUCK OFF) দেওয়া হইল এবং সাথে সাথে কোম্পানিগুলি বিলুপ্ত হইল :

| SL NO. | NAME OF THE COMPANY |
|---|---|
| 01 | **DIYOMED Heart Center Limited,** Reg No. C-118716 |
| 02 | **SHING HEONG LIMITED,** Reg No. C-93098 |
| 03. | **Lilyred Limited,** Reg No. C-88817 |
| 04 | **Elken International Bangladesh Private Limited,** Reg No. C-51054 |
| 05 | **MULTI PLUS ENGINEERING & CONSTRUCTION LTD.,** Reg No. C-77072 |
| 06 | **Alvaritech Bangladesh Limited,** Reg No. C-87104 |
| 07 | **Aamra Embroideries Ltd.,** Reg No. C-55699 |
| 08 | **RUPSA DEVELOPMENT LIMITED,** Reg No. C-96415 |
| 09 | **BITOPI AIR (BD) LTD.,** Reg No. C-105597 |
| 10 | **Brand Cafe Ltd.,** Reg No. C-79538 |
| 11 | **BITOPI SOCIAL LTD.,** Reg No. C-124873 |

তবে শর্ত থাকে যে, কোম্পানি আইন, ১৯৯৪ এর ৩৪৬(৫) ধারা মতে যদি কোন পরিচালক বা সদস্যদের কোন দায়-দেনা থাকে তাহা অব্যাহত থাকিবে।

**মোঃ হারুন-অর-রশীদ**
সহকারী রেজিস্ট্রার
রেজিস্ট্রারের পক্ষে।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ১২ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং আরজেএসসি/ডি, এন/3766**—কোম্পানি আইন, ১৯৯৪ এর ৩৪৬(৩) ধারা অনুযায়ি এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, ARGUS Media Services Limited [C-91213] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোন কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Md. Siraj Uddin**
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে।

## শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর

### আদেশ

তারিখ ঃ ১২ ডিসেম্বর ২০১৭খ্রিঃ

নং ০১/ডেডো/প্রত্যর্পণ/২০১৭-৮৩০৬—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৩ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর ২০১৭-২০১৮ অর্থ বছরের শুল্ক-হার ও জাতীয় রাজস্ব বোর্ড থেকে সংগৃহীত জুলাই, ২০১৬ হতে এপ্রিল, ২০১৭ সময়ের আমদানির গড় মূল্য বিবেচনায় নিয়ে গরু/মহিষ/ছাগল/ভেড়ার কাঁচা চামড়া স্থানীয় বাজার হতে সংগ্রহপূর্বক প্রক্রিয়াজাত করে রপ্তানী করবে তাদের জন্য প্রক্রিয়াজাত ক্রাস্ট, এবং ফিনিশড্ চামড়া উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত কাঁচামালের উপর পরিশোধিত শুল্ক-করাদি বর্ণিত ছক মোতাবেক সমহারের ভিত্তিতে প্রত্যর্পণ প্রদানের আদেশ প্রদান করা হলো ঃ

| Sl No. | Name of the Export Item As per BCT | Name of the Export Item-Commercial Description | H. S. Code | Export Unit of Measure | Amount of Duty Drawback Per Unit | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | CD (Tk.) | VAT (Tk.) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| 1 | Tanned or crust hides and skins of bovine (including buffalo) or equine animals without hair on whether or not split, but not further prepared. | Cow/Buffalo (Crust) | 4104.39.00 | 01 (one) Sq. Ft. | 0.75 | 1.57 |
| 2 | Leather further prepared after tanning or crusting, including parchment- dressed leather, of bovine (including buffalo) or equine animals without hair on whether or not split. | Cow/Buffalo (Finished) | 4107.99.00 | 01 (one) Sq. Ft. | 0.87 | 1.94 |
| 3 | Tanned or crust hides and skins of other animals, without wool or hair on, whether or not split, but not further prepared. | Goat/Sheep (Crust) | 4106.22.00/ 4105.30.00 | 01 (one) Sq. Ft. | 0.54 | 1.38 |
| 4 | Leather further prepared after tanning or crusting, including parchment-dressed leather, of other animals without wool or hair on, weather or not split. | Goat/Sheep (Finished) | 4113.10.00/ 4112.00.00 | 01 (one) Sq. Ft. | 0.67 | 1.75 |
| 5 | Tanned or crust hides and skins of bovine (including buffalo) or equine animals without hair on whether or not split, but not further prepared. | Split Leather-in the dry State | 4104.49.00 | 01 (one) Sq. Ft. | 0.37 | 0.33 |

২। এ আদেশ ০১-০৭-২০১৭ হতে ৩০-০৬-২০১৮ তারিখ পর্যন্ত কার্যকর হবে অর্থাৎ ০১-০৭-২০১৭ হতে ৩০-০৬-২০১৮ তারিখ পর্যন্ত রপ্তানি ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে।

৩। সমহারে প্রত্যর্পণ গ্রহণের ক্ষেত্রে উপকরণ আমদানির স্বপক্ষের বিল-অব-এন্ট্রির কপি এবং স্থানীয়ভাবে সংগ্রহের ক্ষেত্রে বৈধ মূষক-১১ চালান প্রয়োজনে যাচাই করা হবে।

**ওয়াহিদা রহমান চৌধুরী**
মহপরিচালক (চলতি দায়িত্ব)।

---

## পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী

### অফিস আদেশ

তারিখ ঃ ০৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং ২৬/২০১৭—নোয়াখালী জেলার গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আতাউর রহমান ভূঁইয়া (বিপি-৬৫৮৪০১০৫৩৫) কে প্রশাসনিক কারণে পুলিশ লাইন্স, নোয়াখালীতে সংযুক্ত করা হ'ল।

জারীকৃত এ' আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ ইলিয়াছ শরীফ**, পিপিএম-সেবা
পুলিশ সুপার।

## পুলিশ হেডকোয়ার্টার্স

### প্রজ্ঞাপন

তারিখ ঃ ০৬ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং জিএ/৬-২০১৭(অংশ)(ইন্স)/৪১৬৮**—লক্ষ্মীপুর জেলায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ জাহাঙ্গীর আলম (বিপি-৭৮০৬১০১৯৬৩) কে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জনস্বার্থে এসবি, ঢাকায় বদলি করা হ'ল।

উল্লিখিত পুলিশ পরিদর্শ বদলিকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১৬-১২-২০১৭ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৭-১২-২০১৭ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**মোঃ মোখলেসুর রহমান**, বিপিএম (বার)
এ্যাডিশনাল আইজি (এএন্ডও)।

---

### প্রজ্ঞাপন

তারিখ ঃ ৩০ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং জিএ/৩-২০০৭(অংশ-১)(ইন্স)/৪০৯৩**—সিআইডি, ঢাকায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আবুল কালাম (বিপি-৭৩৯২০৭৭৩৮৬) কে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জনস্বার্থে পিআইও শাখায় দায়িত্ব পালনের লক্ষ্যে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় সংযুক্ত করা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এ, কে, এম শহীদুল হক**, বিপিএম, পিপিএম
ইন্সপেক্টর জেনারেল।

---

## বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ ঃ ২৮ নভেম্বর ২০১৭ খ্রিঃ

**নং বিআরটিএ/৪৭এ/৮৯-৩৯৮৫**—যেহেতু জনাব নুরুজ্জামান-১, সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, কুমিল্লা সার্কেল, কুমিল্লা-এর বিরুদ্ধে সরকারি কমচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা (নং-১৭/২০১২) রুজু করা হয়। তিনি উক্ত বিভাগীয় মামলায় জবাব দাখিলের নিমিত্ত কাগজাদি সংগ্রহের জন্য সময় বৃদ্ধির আবেদন করেন। ইতোমধ্যে যে আদেশের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় বা তদানিন্তন সড়ক বিভাগের গত ২২-০৩-২০১২ খ্রিঃ তারিখের ৩৫.০২০.০০৪.০০.০১৭.২০০৫-১১৪ নং স্মারকের বিরুদ্ধে রিট মামলা (নং-৪৪৭৭/২০১২) দায়ের করায় বিভাগীয় মামলার (নং-১৭/২০১২) কার্যক্রম স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত রিট মামলা প্রত্যাহারের মাধ্যমে নিষ্পত্তি করায় এ কার্যালয়ের গত ২৩-১১-২০১৪ খ্রিঃ তারিখের বিআরটিএ/৪৭এ/৮৯-৩১৮৯ নং স্মারকমূলে অভিযুক্ত কর্মকর্তাকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে বিভাগীয় মামলার জবাব প্রদানের জন্য পত্র দেয়া হয়। সে মোতাবেক গত ০৪-১২-২০১৪ খ্রিঃ তারিখে জবাব দাখিল করেন। জবাবে ব্যক্তিগত শুনানীর ইচ্ছা ব্যক্ত করায় গত ২৯-১২-২০১৪ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। পরে বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ অথরিটি উপপরিচালক (অডিট ও তদন্ত) জনাব সৈয়দ আলী আহসানকে গত ০১-০১-২০১৫ খ্রিঃ তারিখের বিআরটিএ/৪৭এ/৮৯-৩৩ নং স্মারকমূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ০১-০২-২০১৫ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় প্রতিবেদনটি সুস্পষ্ট না হওয়ায় এ অথরিটির উপপরিচালক (অর্থ), পরবর্তীতে উপপরিচালক (অডিট ও তদন্ত) জনাব মোঃ মকবুল হোসেনকে গত ২৫-০২-২০১৫ খ্রিঃ তারিখের বিআরটিএ/৪৭এ/৮৯-৭৯২নং স্মারকমূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তিনি অন্যত্র বদলি হওয়ায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জনাব তপন কুমার সাহাকে গত ২৪-০৩-২০১৬ খ্রিঃ তারিখের বিআরটিএ/৪৭এ/৮৯-১০২৮ নং স্মারকমূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ২৪-০৯-২০১৬ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় উক্ত প্রতিবেদনটিও সুস্পষ্ট না হওয়ায় তা স্পষ্টিকরণের জন্য এ কার্যালয়ের গত ০৫-০১-২০১৭ খ্রিঃ তারিখের বিআরটিএ/৪৭এ/৮৯-১০১ নং স্মারকমূলে তদন্তকারী কর্মকর্তাকে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা একই তারিখে স্পষ্টিকরণ প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন ও স্পষ্টিকরণ প্রতিবেদন পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কেন তাকে বাধ্যতামূলক অবসরদন্ড প্রদান করা হবে সে মর্মে কারণ দর্শাতে এ কার্যালয়ের গত ২০-০৭-২০১৭ খ্রিঃ বিআরটিএ/৪৭এ/৮৯-২৩৫৬নং স্মারকমূলে ২য় নোটিশ প্রদান করা হয়। তিনি গত ০২-০৮-২০১৭ খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানোর জবাব দাখিল করেন। অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, ১ম ও ২য় কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় সম্পদ অর্জনে সরকারের অনুমতি গ্রহণ না করার অভিযোগ প্রমাণিত। সার্বিক পর্যালোচনায় সরকারি কমচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অভিযোগ প্রমাণিত হওয়ায় জনাব মোঃ নুরুজ্জামান-১ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক দোষী সাব্যস্ত করে উক্ত বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক ১(এক)টি বার্ষিক বর্ধিত বেতন অবনমিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, এক্ষণে জনাব নুরুজ্জামান-১ কে ১৭/২০১২ নং বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অভিযোগে উক্ত বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক ১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন অবনমিতকরণ করা হলো। অবনমিতকরণ দন্ডাদেশের মেয়াদ দন্ডাদেশ জারির তারিখ থেকে ১ (এক) বছর পর্যন্ত বহাল থাকবে এবং আদেশের মেয়াদ সমাপ্তিতে অবনমিতকাল পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির জন্য বিবেচিত হবে।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**নং বিআরটিএ/৬৪এ/৯০-৩৯৮৬**—যেহেতু জনাব মুহাঃ শহীদুল্যাহ কায়ছার, উপপরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ বিভাগীয় কার্যালয়, বরিশাল এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতোবেক বিভাগীয় মামলা (নং-৯/২০১২) রুজু করা হয়। পরে বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ কার্যালয়ের গত ০১-০১-২০১৫ খ্রিঃ তারিখের বিআরটিএ/৬৪এ/৯০-৩০ নং স্মারকমূলে এ অথরিটিরি উপপরিচালক (অর্থ), পরিবর্তিতে উপপরিচালক (অডিট ও তদন্ত) জনাব মোঃ মকবুল হোসেনকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন সুস্পষ্ট না হওয়ায় সচিব, বিআরটিএকে আহ্বায়ক করে এ কার্যালয়ের গত ২২-০৬-২০১৫ খ্রিঃ তারিখের বিআরটিএ/৬৪এ/৯০-১৯৫৫ নং স্মারকমূলে ৩ (তিন) সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি ২৭-১০-২০১৬ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দখিল করেন। তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধির যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় এ কার্যালয়ের গত ২১-১১-২০১৬ খ্রিঃ তারিখের বিআরটিএ/৬৪এ/৯০-৩৭৭৮ নং স্মারকমূলে অভিযুক্তকে ২য় কারণ দর্শনোর নোটিশ প্রদান করা হয়। সে মোতাবেক অভিযুক্ত কর্মকর্তা

গত ২৮-১১-২০১৬খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানোর জবাব এবং গত ২২-১২-২০১৬ খ্রিঃ তারিখে সম্পূরক জবাব দাখিল করেন। অভিযোগ, তদন্ত প্রতিবেদন ও ২য় কারণ দর্শানোর জবাব, সম্পূরক জবাব এবং সংশ্লিষ্ট কাগজাদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক জনাব মুহাঃ শহীদুল্যাহ কায়ছারকে দোষী সাব্যস্ত করে উক্ত বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক ১(এক)টি বার্ষিক বর্ধিত বেতন অবনমিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, এক্ষণে, জনাব মুহাঃ শহীদুল্যাহ কায়ছারকে ৯/২০১২ নং বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির অভিযোগে উক্ত বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক ১(এক)টি বার্ষিক বর্ধিত বেতন অবনমিতকরণ করা হলো। অবনমিতকরণ দণ্ডাদেশের মেয়াদ দণ্ডাদেশ জারির তারিখ থেকে ১(এক) বছর পর্যন্ত বহাল থাকবে এবং আদেশের মেয়াদ সমাপ্তিতে অবনমিতকাল পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির জন্য বিবেচিত হবে।

জনস্বার্থে এ অদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মশিয়ার রহমান**
চেয়ারম্যান।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল.এ. কেস নং-০১/২০১৬-১৭**
**ফরম ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক)]**

নং **৩১.৪৫.৬১০০.০২৫.৬১.০৬৮.১৬-৩৬১**—যেহেতু, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মুক্তাগাছা-৫ (খামারের বাজার) ৩৩/১১ কেভি ১০ এমভিএ বৈদ্যুতিক উপকেন্দ্র স্থাপেনর জন্য ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার শশা মৌজায় ০.৪০ (শূন্য দশমিক চার শূন্য) একর ভূমি অধিগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদানর করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপাধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল :

**তফসিল**

মৌজা : শশা, জে.এল. নং-৫৫, উপজেলা : মুক্তাগাছা, জেলা : ময়মনসিংহ।

| দাগ নং (আর. এস) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৫৯৩৬ (অংশ) | ০.৪০ |

মোট = ০.৪০ একর।

**মোঃ খলিলুর রহমান**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট**
**এল.এ. কেস নং-০১/১৯৯৯-২০০০**
**ফরম ঘ**
**জমি অধিগ্রহণ সংক্রান্ত ঘোষণা**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**[১১(২) ধারা মোতাবেক)]**

নং **০১/১৯৯৯-২০০০/১৮৭**—যেহেতু, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলক অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ নং ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর সম্পূর্ণরূপে অর্পিত হইল :

**তফসিল**

মৌজা : খোর্দ্দসাপটানা, জে.এল. নং-১৮, উপজেলা : লালমনিরহাট সদর, জেলা : লালমনিরহাট ।

| খতিয়ান নং (এস, এ) | দাগ নং (এল, এ) | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৪৯৬ | ৬৩৮ | ০.১১ |
| ৪৯৬ | ৬৩৯ | ০.০৫ |
| | | মোট = ০.১৬ |

জমির পরিমাণ কম/বেশী ০.১৬ একর।

**মোঃ আহসান হাবিব**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**সংশোধনী বিজ্ঞপ্তি**

তারিখ : ০৪ পৌষ ১৪২৪ বঃ/১৮ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং এল, এ কেস নং-০১/১৯৯৯-২০০০/১৮৮—এল, এ কেস নং-২০/৮৪-৮৫ এর অধিগ্রহণকৃত সম্পত্তির গেজেট প্রকাশনার জন্য অত্রাফিসের স্মারক নং-১৬২/এল, এ তারিখ : ১১-০৮-১৯৯২ খ্রিঃ মূলে ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশের (১৯৮২ সালের ২নং অধ্যাদেশ) ১১নং ধারার (২) উপ-ধারা অনুযায়ী ফরম "ঘ" পূরণপূর্বক গেজেটে প্রকাশের জন্য প্রেরণ করা হলে বাংলাদেশ গেজেট, নভেম্বর ৪, ১৯৯৩ (৬ষ্ঠ খণ্ড) মূলে গেজেটের ৫২৬ নং পৃষ্ঠায় ভুলক্রমে এল, এ কেস নং-২০/৮৪-৮৫ এর পরিবর্তে এল, এ কেস নং-২৮/৮৪-৮৫ উল্লেখে গেজেটে প্রকাশিত হয়।

এক্ষণে, উক্ত গেজেট বিজ্ঞপ্তিতে এল, এ কেস নং-২৮/৮৪-৮৫ এর স্থলে এল, এ কেস নং-২০/৮৪-৮৫ পড়তে হবে।

**মোঃ আহসান হাবিব**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৫ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৩০.৯৩৯৫.০০০.০২.০০৮.১৭-৯১৯**—এতদ্বারা সর্ব-সধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলাধীন টাঙ্গাইল সদর উপজেলার মাহমুদনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আব্দুল করিম তালুকদার, পিতা : মৃত আলহাজ তোমেজ উদ্দিন, গ্রাম : হাসানাবাদ, ইউনিয়ন : মাহমুদনগর, উপজেলা : টাঙ্গাইল সদর, জেলা : টাঙ্গাইল গত ২৭-১১-২০১৭ খ্রিঃ তারিখ রাত ১১.০০ ঘটিকায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি..........রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) উপ-ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি জিনাত জাহান, উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল গত ২৮-১১-২০১৭ খ্রিঃ টাঙ্গাইল জেলাধীন টাঙ্গাইল সদর উপজেলার মাহমুদনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য ঘোষণা করলাম।

**জিনাত জাহান**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৫ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৪২.৮৪৫৮.০০০.০২.০০৭.২০১৭-১০১৫**—সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি পার্বত্য জেলায় লংগদু উপজেলাধীন ৭নং লংগদু ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের সদস্য জনাব লক্ষ্মী চন্দ্র চাকমা, পিতা-তরুনী সেন চাকমা, মাতা-ঝুংকু পুদি চাকমা, গ্রাম-লংগদু বড়াদম, ডাকঘর-লংগদু, ইউনিয়ন-রংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা গত ২৯-১১-২০১৭ খ্রিঃ তারিখে অসুস্থতাজনিত কারণে মৃত্যুবরণ করেন মর্মে ৭নং লংগদু ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব কুলিনমিত্র চাকমা সূত্র : লং-ইউপি-৯৪/২০১৭, তারিখ ৩০-১১-২০১৭ খ্রিঃ পত্রমূলে জানান। এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫নং অনুচ্ছেদের (২) উপ-ধারা মোতাবেক অর্পিত ক্ষমতাবলে আমি মোসাদ্দেক মেহ্‌দী ইমাম, উপজেলা নির্বাহী অফিসার, লংগদু, রাঙ্গামাটি পার্বত্য জেলা উল্লিখিত ইউপি সদস্যের মৃত্যুর কারণে রাঙ্গামাটি পার্বত্য জেলার লংগদু উপজেলাধীন ৭নং লংগদু ইউনিয়নের ৮নং ওয়ার্ডের সদস্য পদটি ২৯-১১-২০১৭ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোসাদ্দেক মেহ্‌দী ইমাম**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ভাণ্ডারিয়া, পিরোজপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ৩০ অগ্রাহয়ণ ১৪২৪ বঃ/১৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ০৫.১০.৭৯১৪.০০৬.০২.০১৫.১৭-১০৪৭**—এতদ্বারা সর্ব-সধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার, ভাণ্ডারিয়া উপজেলাধীন ২নং নদমূলা শিয়ালকাঠী ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মোঃ আনোয়ার হোসেন, পিতা মৃতঃ নুরমোহাম্মদ মুন্সী, সাং-দক্ষিণ শিয়ালকাঠী, পোঃ ভাণ্ডারিয়া, উপজেলা ঃ ভাণ্ডারিয়া, জেলা ঃ পিরোজপুর গত ১০-১২-২০১৭ খ্রিঃ তারিখ মৃত্যুবরণে করেন। (ইন্না লিল্লাহি..................রাজিউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (ঙ) ও ৩৫(২) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি শাহীন আক্তার সুমি, উপজেলা নির্বাহী অফিসার, ভাণ্ডারিয়া, পিরোজপুর ২নং নদমূলা শিয়ালকাঠী ইউনিয়নের ১নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি ১০-১২-২০১৭ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করছি।

**শাহীন আক্তার সুমী**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কাউনিয়া, রংপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৭ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৫৫.৮৫৪২.০০০.০৩.০৯৫.১৭-৭৮৭**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর জেলাধীন কাউনিয়া উপজেলার ৫নং কাউনিয়া বালাপাড়া ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ আব্দুল মালেক, পিতা-মৃত জালাল উদ্দিন, গ্রাম হরিশ্বর, ডাকঘর+উপজেলা-কাউনিয়া, জেলা-রংপুর গত ২৫-১১-২০১৭ খ্রিঃ তারিখ রোজ রবিবার রাত্রি ৯.৩০ ঘটিকায় বার্ধক্যজনিত কারণে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। তার মৃত্যুতে আমরা গভীরভাবে শোকহত।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি এস. এম. নাজিয়া সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর এতদ্বারা উক্ত সদস্যের মৃত্যুজনিত কারণে তাঁর মৃত্যুর তারিখ অর্থাৎ ২৫-১১-২০১৭ খ্রিঃ হতে উক্ত ৫নং কাউনিয়া বালাপাড়া ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের ইউপি সদস্যের পদটি শূন্য ঘোষণা করলাম।

**এস. এম. নাজিয়া সুলতানা**
উপজেলা নির্বাহী অফিসার।

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**আপীল বিভাগ, ঢাকা**
**অফিস আদেশী**

তারিখ ঃ ১৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ১৯০৮/২০১৭ এসসি(এডি)**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, অপীল বিভাগে সুপারিনটেনডেন্ট জনাব ইসতেয়াক উদ্দিন আহমদে-এর চাকরি সুপারিনটেনডেন্ট পদে গত ২৭-১২-২০০৬ হতে ২৭-১২-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ১০ বছর সম্পন্ন করা ও চাকুরি সন্তোষজনক হওয়ার জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে ১১তম বৎসরে এর ২৭-১২-২০১৭ খ্রিঃ তারিখ হতে ৩৫৫০০-৬৭০১০ টাকার পরবর্তী উচ্চতর বেতন স্কেল ৪৩০০০-৬৯৮৫০ (৫ম গ্রেড) টাকার স্কেল হিসেবে প্রদান করা হলো।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

তারিখ ঃ ২০ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ১৯৮৩(১-৫)/২০১৭ এসসি(এডি)**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, অপীল বিভাগের অবসরপ্রাপ্ত ডেপুটি রেজিস্ট্রার জনাব মোঃ মফিজুল ইসলাম-এর চাকরি সহকারী রেজিস্ট্রার কাজে যোগদানের তারিখ ১৪-০২-২০০১ খ্রিঃ হতে ০৬-০৬-২০০৬ খ্রিঃ তারিখ পর্যন্ত সহকারী রেজিস্ট্রার পদের উন্নীত বেতন স্কেল, জাতীয় বেতন স্কেল/২০০৯ এর ৫ম গ্রেড, (২২২৫০-৩১২৫০) এর টাকা স্কেল ও প্রাপ্যতা সাপেক্ষে অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদান করা হলো।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

আদেশক্রমে

**জেমস্ রিচার্ড ক্রুশ**
ডেপুটি রেজিস্ট্রার।

**বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়**

**অফিস আদেশ**

তারিখ ঃ ১১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং সিএজি/জিবি-১/পিএফ-৪৯৬(৮৬)/৩১১**—জনাব গৌর চন্দ্র রায়, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা এর জন্ম তারিখ ৩১-১২-১৯৫৮ খ্রিঃ। সে অনুযায়ী তাঁর বয়স ৩০-১২-২০১৭ খ্রিঃ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হবে। তিনি ৩০-১২-২০১৭ খ্রিঃ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করবেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখ হতে ৩০-১২-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) আদিষ্ট হয়ে মঞ্জুর করা হল।

**সৈয়দ মোহাম্মদ জাহিদ হোসেন**
অতিরিক্ত উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

---

**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ২৪ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং দুদক/আরও/২৪৩/৩৯০৪১(১৫)**—দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, চট্টগ্রাম-১-এ কর্মরত উপসহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল আউয়াল-এর বয়স ৩১-১২-২০১৭ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হবে। গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ এর ১২নং আইন) এর ৪ ধারা আনুযায়ী ০১-০১-২০১৮ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১-০১-২০১৮ হতে ৩১-১২-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**কাজী শফিকুল আলম**
পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)।

---

**বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম**
**(সংস্থাপন শাখা)**
**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ ঃ ২০ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং **০৫.৪২.০০০০.০১৪.০২.০০২.১৬-১০৮৯**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত একই পদে তাঁর নামের পাশে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো ঃ

জনাব নিবেদিতা চাকমা (পরিচিতি নং-১৭৮৮৯), সহকারী কমিশনার, সহকারী কমিশনার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রামে ন্যস্ত—জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ ঃ ১৩ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

নং **০৫.৪২.০০০০.০১৪.০২.০০২.১৬-১০৬৬**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত একই পদে তাঁদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো ঃ—

(১) জনাব হাসান বিন মুহাম্মদ আলী (পরিচিতি নং-১৭৬৬৭), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম—বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।

(২) জনাব মোহাম্মদ হুমায়ন রশিদ (পরিচিতি নং-১৭৬৭৩), সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম—জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।

(৩) জনাব এহসান মুরাদ (পরিচিতি নং-১৭৮৫৩), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার—বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.৪২.০০০০.০১৪.০২.০০২.১৬-১০৬৭**—জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর ০৫.১০.২২০০.১০৮.০৬. ০০২.১৭-৫১৭ স্মারকের প্রেক্ষিতে চলমান রোহিঙ্গা সংকট মোকাবেলায় সহায়তা প্রদানের জন্য বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত একই পদে তাঁদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো ঃ—

(১) জনাব নওশের ইবনে হালিম (পরিচিতি নং-১৭৮২৭), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম—জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজারে সংযুক্ত।

(২) জনাব ইমদাদুল হক তালুকদার (পরিচিতি নং-১৮০৪১), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা—জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজারে সংযুক্ত।

(৩) জনাব মোস্তাফিজুর রহমান (পরিচিতি নং-১৮২৩৬), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া—জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজারে সংযুক্ত।

২। এ কার্যালয়ের ০৬ নভেম্বর, ২০১৭ তারিখের ৯৪৮ সংখ্যক প্রজ্ঞাপনমূলে জনাব রফিকুল হক (১৭৬৬৪), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা, জনাব মোঃ মাসুদ হোসেন (১৭৬৯৪), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এবং জনাব মোঃ তৌহিদুল ইসলাম (১৭৮১৭), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর ক্ষেত্রে জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজারে সংযুক্তি আদেশের প্রযোজ্য অংশটুকু বাতিল করা হল।

৩। পদায়নকৃত কর্মকর্তাগণ যোগদানের পর বর্তমানে কর্মরত কর্মকর্তাগণ অবমুক্ত হবে।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**শংকর রঞ্জন সাহা**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রাজশাহী বিভাগ, রাজশাহী**
**(মাঠ প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ ঃ ০৫ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৪৩.০০০০.০১৪.৩৩.০০১.১৭-১৬৪৫**—প্রশাসনিক প্রয়োজনে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে বদলি করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
